

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল)

বিষয় ইতিহাস

শ্রেণি - ষষ্ঠ

ষষ্ঠ অধ্যায় - সাম্রাজ্য বিস্তার ও শাসন

আনুমানিক খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতক থেকে খ্রিস্টীয় সপ্তম শতকের প্রথম ভাগ

একক - কুষাণ ও সাতবাহন শাসন।

মৌর্যদের পরে ভারতে ব্যাকট্রিয় গ্রিক, শক, পল্লব, কুষাণ প্রভৃতি বিদেশী জাতির আগমন ঘটে এবং তারা ভারতের অনেক অঞ্চলেই তাদের শাসন শুরু করে। এদের মধ্যে কুষাণরাই উত্তর ভারতে সাম্রাজ্য গড়ে তোলে। এই সময় দক্ষিণ ভারতে সাতবাহনদের শাসন শুরু হয়। আজকের আমাদের আলোচনার বিষয় হলো - কুষাণ ও সাতবাহন শাসন।

আলোচ্য পাঠের সঙ্গে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যগুলি হল -

কুষাণ - মধ্য এশিয়া থেকে ভারতের উত্তর-পশ্চিম অংশে এবং বর্তমান আফগানিস্তানে আগত কয়েকটি যাযাবর গোষ্ঠীর মধ্যে ইউয়ে-ঝি গোষ্ঠী ছিল সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এই গোষ্ঠীর একটি শাখা ছিল কু-এই-মুয়াং, যারা ব্যাকট্রিয়ার উপর তাদের আধিপত্য প্রতিষ্ঠা করে। এরাই ভারতের ইতিহাসে কুষাণ নামে পরিচিত।

- সর্বশ্রেষ্ঠ কুষাণ সম্রাট প্রথম কনিষ্কের রাজধানী ছিল পুরুষপুর বা পেশোয়ার।
- কুষাণদের প্রধান শাসন কেন্দ্র ছিল ব্যাকট্রিয়া।

দেবকুল - কুষাণ আমলে শাসককে দেবতার সমতুল্য বোঝানোর জন্য মন্দিরের মত যে স্থানে সম্রাটদের মূর্তি রাখা হতো তা দেবকুল নামে পরিচিত। মথুরায় একটি দেবকুল ছিল। সেখানে কুষাণ সম্রাট বিমের সিংহাসনে বসা মূর্তি পাওয়া গেছে। ১৯১১ খ্রিস্টাব্দে মথুরার একটি ক্ষেত থেকে কনিষ্কের মাথাভাঙা যে মূর্তি পাওয়া গেছে, সম্ভবত সেটিও ওই দেবকুলেই ছিল।

- কুষাণ সম্রাটগণ শাসনব্যবস্থার সুবিধার জন্য কুষাণ সাম্রাজ্যকে কতগুলি প্রদেশে ভাগ করেছিলেন।
- প্রদেশের শাসক কে বলা হত ক্ষত্রপ।

কুষাণ বংশের

উল্লেখযোগ্য সম্রাট

কুজল কদফিসেস



বিম কদফিসেস



প্রথম কনিষ্ক



বাসিষ্ক



হুবিষ্ক

সাতবাহন শাসন

নাসিক ও কার্লে শিলালেখ থেকে গৌতমীপুত্র সাতকর্ণির রাজ্য জয়ের কথা জানা যায়। সাতবাহন শাসন ব্যবস্থায় প্রদেশের শাসনকর্তা ছিলেন অমাত্য।

সাতবাহন দের প্রবল প্রতিপক্ষ ছিল শক ক্ষত্রপ শক্তি। শক ক্ষত্রপ গোষ্ঠীর বিখ্যাত শাসক ছিলেন রুদ্রদামন। জুনাগড় শিলালিপি থেকে রুদ্রদামনের কৃতিত্বের কথা জানা যায়।

শক-সাতবাহন দ্বন্দ্ব

কারণ -

- ❖ প্রথমত - হীরের খনি সমৃদ্ধ পূর্ব মালব ও সামুদ্রিক বাণিজ্যের কেন্দ্র পশ্চিম মালবের উপর উভয় শক্তিই আধিপত্য বিস্তার করতে চেয়েছিল।
- ❖ দ্বিতীয়ত - রোম ভারত বাণিজ্যের কেন্দ্র দাক্ষিণাত্যের পশ্চিম উপকূলের ওপর আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে উভয় শক্তির মধ্যে লড়াই বাঁধে।

এই দ্বন্দ্বে সাতবাহন রাজা গৌতমীপুত্র সাতকর্ণি অনেকক্ষেত্রেই শকদের হারিয়ে দিয়ে সাতবাহনদের মর্যাদা প্রতিষ্ঠা করেছিলেন।

সাতবাহন বংশের উল্লেখযোগ্য

শাসক

সিমুক



কাশ্ব



প্রথম সাতকর্ণি



গৌতমীপুত্র সাতকর্ণি



যজ্ঞশ্রী সাতকর্ণি

Home Assignment

১) একটি-দুটি শব্দে উত্তর দাওঃ

প্রতি প্রশ্নের মান ১

১.১) কুষাণ বংশের প্রতিষ্ঠাতা ছিলেন কে?

১.২) কোন কুষাণ সম্রাট ভারতে প্রথম সোনার মুদ্রা প্রবর্তন করেন?

১.৩) কুষাণ বংশের সর্বশ্রেষ্ঠ সম্রাট কে? তিনি কবে সিংহাসনে বসেন?

১.৪) কোন কোন শিলালেখ থেকে সাতবাহনরাজ গৌতমীপুত্র সাতকর্ণির রাজ্য জয়ের কথা জানা যায়?

১.৫) জুনাগড় শিলালিপি থেকে কার কৃতিত্বের কথা জানা যায়?

২) দুটি তিনটি বাক্যে উত্তর দাওঃ

প্রতি প্রশ্নের মান ২

২.১) কুষাণ কারা ?

২.২) দেবকুল কি?

২.৩) শক সাতবাহনদের দ্বন্দ্বের কারণ কি ছিল?

৩) সাত থেকে আটটি বাক্যে উত্তর দাওঃ

প্রতি প্রশ্নের মান ৪

৩.১) কুষাণ ও সাতবাহনদের শাসন ব্যবস্থার পরিচয় দাও।

**** অধ্যায়টি বুঝতে কোন অসুবিধা হলে কमेंট বক্স করে নিজের নাম শ্রেণীবিভাগ ক্রমিক সংখ্যা ও ফোন নম্বরসহ লিখে পাঠাও। বিদ্যালয়ের পক্ষ থেকে ফোনের মাধ্যমে সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করা হবে।**